প্রথম আলো

তারিখ ..27 SEP 2016...
পৃষ্ঠা ...7... কলাম ...2...



মুঠোফোনে যে ছবিটি দেখা যাচ্ছে তা এক মাস আগের। হাসিমাখা এই মুখ আর কোনো দিনই হয়তো ফিরে পাবেন না শেলী। গতকাল তাঁর ঘুম ভেঙেছে দুর্বৃত্তের ছোড়া অ্যাসিডে। রাতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তোলা ছবি ● সৌরভ দাশ

# আর কত নিষ্ঠুরতা!

বখাটের হামলায় কাঁধ থেকে ডান হাতটা প্রায় আলাদা হয়ে গেছে চাঁপাইনবাবগঞ্জের মরিয়মের। অ্যাসিডে ঝলসে গেছে চট্টগ্রামের শেলীর হাসিমাখা মুখ। অপমান সইতে না পেরে আত্মহননের পথ বেছে নিল ব্রাহ্মণবাড়িয়ার ডালিয়া

## মরিয়ম কি স্কুলে ফিরতে পারবে?



মরিয়ম আক্তার

শেখ সাবিহা আলম ●

দূর থেকে দেখলে মনে হবে কিশোরী মরিয়ম কোমরে হাত দিয়ে দাঁড়িয়ে আছে। আসলে গত চারটা মাস এমনকি ঘুমানোর সময়ও তাকে এভাবেই থাকতে হয়েছে। মালেক নামের এক বখাটের হাঁসুয়ার কোপে ওর কাঁধ থেকে ডান হাতটা প্রায় আলাদা হয়ে গিয়েছিল। চিকিৎসকেরা এখন কোনো রকমে তা জোড়া দিয়ে রেখেছেন।

মরিয়ম আক্তার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (বিএসএমএমইউ) চিকিৎসাধীন ছিল। প্রায় তিন মাস চিকিৎসা শেষে গতকাল সোমবার সেখান থেকে নিজেদের বাড়িতে

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

## এই হাসিমাখা মুখ এখন শুধুই 'স্মৃতি'

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ●

মাকে নিয়ে ঝুপড়ি ঘরের বিছানায় ঘুমিয়ে ছিলেন ২২ বছরের শেলী আক্তার। হঠাৎ মুখ ও শরীরে তীব্র জ্বলুনিতে চিৎকার করে জেগে ওঠেন তিনি। পাশে শুয়ে থাকা মা হোসনে আরা বেগমও (৫৫) তখন আর্তচিৎকার করছেন। তাঁদের চিৎকারে পাশের ঘরে থাকা স্বজনেরা এগিয়ে আসেন। পরে শেলী ও তাঁর মা জানতে পারেন অ্যাসিড ছুড়ে মারা হয়েছে তাঁদের ওপর।

গতকাল সোমবার ভোর পাঁচটার দিকে চট্টগ্রাম নগরের পলোগ্রাউন্ড এলাকায় একটি বস্তিতে

এরপর পৃষ্ঠা ২ কলাম ২

'নারীমঞ্চ' : পৃষ্ঠা-১৪

## এখন শুধুই 'স্মৃতি'

প্রথম পৃষ্ঠার পর

এ ঘটনা ঘটে। মা-মেয়ে দুজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে। অভিযোগ উঠেছে, শেলীর সাবেক স্বামী অটোরিকশাচালক মো. জাহাঙ্গীর বর্বর এ কাজ করেছেন। ঘটনার পর থেকে তিনি পলাতক।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটের সহকারী অধ্যাপক মোহাম্মদ এস খালেদ বলেন, মেয়ের মুখসহ শরীরের ১৫ ও মায়ের শরীরের ১০ শতাংশ পুড়ে গেছে।

গতকাল বিকেলে বার্ন ইউনিটে গিয়ে দেখা যায়, হাতে, গলায় ও বুকে ব্যান্ডেজ বাঁধা অবস্থায় শুয়ে আছেন শেলী। মুখের এক পাশ পুড়ে যাওয়ায় কথা বলতে কষ্ট হচ্ছিল তাঁর। হাত বাড়িয়ে মুঠোফোনে নিজের হাসিমাখা একটি ছবি দেখান। পাশে থাকা এক স্বজন জানান, এক মাস আগে পারিবারিক এক অনুষ্ঠানে যাওয়ার আগে শেলীর এই ছবিটি তোলা হয়েছিল।

শেলীর মা হোসনে আরা বেগমের হাত ও পিঠ পুড়ে গেছে। তিনি *প্রথম আলোকে* বলেন, কয়েক বছর আগে শেলীর সঙ্গে জাহাঙ্গীরের বিয়ে হয়। বিয়ের পর থেকে তাঁর মেয়ের ওপর জাহাঙ্গীর নির্যাতন চালাতেন বলে অভিযোগ করেন তিনি। এক বছর আগে শেলী তাঁর স্বামীকে তালাক দিয়ে চলে আসেন। যে বস্তিতে তাঁরা থাকেন তার পাশেই মা-মেয়ে মিলে চায়ের দোকান দিয়ে সংসার চালান। তালাকের প্রতিশোধ নিতে জাহাঙ্গীর অ্যাসিড ছুড়েছেন বলে তিনি ধারণা করছেন।

শেলীর বাবা দ্বিতীয় বিয়ে করে আলাদা থাকেন। তাঁরা তিন ভাই, তিন বোন। বড় দুই বোনের বিয়ে হয়েছে। তাঁরা কুমিল্লায় থাকেন। বড় দুই ভাই ভ্যান চালান। বস্তির পাশাপাশি তিন ঘরে থাকেন তাঁরা। সাড়ে তিন বছরের একটি ছেলে রয়েছে শেলীর। ছেলেটি আগের স্বামীর কাছে থাকে।

প্রতিবেশী ও পুলিশ সূত্র জানায়, রোববার রাত সাড়ে ১০টার পর দোকান বন্ধ করে মা-মেয়ে ঘরে ফেরেন। রাতে খেয়ে তাঁরা ঘুমিয়ে ছিলেন। ভোর পাঁচটার দিকে বেড়ার ঘরের ফাঁকা অংশ দিয়ে বিছানার দিকে অ্যাসিড ছুড়ে মারেন জাহাঙ্গীর। ঘটনাস্থলের পাশ থেকে তাঁর সিএনজিচালিত অটোরিকশাটি জব্দ করেছে পুলিশ।

হাসপাতালে যন্ত্রণায় কাঁতরাতে থাকা মা হোসনে আরা বেগম *প্রথম আলোকে* বলেন, 'এক দিন রোজগার না করলে আমাদের খাবার জোটে না। এখন কে আমাদের চিকিৎসার খরচ দেবে?'

জাহাঙ্গীরকে খোঁজা হচ্ছে বলে জানান চট্টগ্রামের কোতোয়ালি থানার পরিদর্শক (তদন্ত) নূর মোহাম্মদ। গতকাল রাতে তিনি *প্রথম আলোকে* বলেন, প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে অটোরিকশা নিয়ে এসে জাহাঙ্গীর অ্যাসিড ছুড়ে পালিয়ে যান। অটোরিকশাটি জব্দ করা হয়েছে। এ ঘটনায় মামলা করার প্রক্রিয়া চলছে।

## কি স্কুলে ফিরতে পারবে?

...ীয় লোকজন তখনই ...রে ফেলে। রক্তে ভাসতে ...কে উদ্ধার করে স্থানীয় ...সপাতালে নিয়ে যায়

...কথায় মরিয়ম জানায়, ও ...হতে চায়। এখনো আশা ...হাতটা ভালো হয়ে যাবে। ...ন ঘুমাই পাশ ফিরতে পারি ...গ গোসল করতে পারি না। ...পারি না। সবকিছু মা করে ...কানো যানবাহনে উঠতে পারি ...সুবিধা হয়। আমার একটা ...াই আছে। ও আমাকে দেখে ...দে।'

...খাটের হামলার আতঙ্ক এখনো ...ি মরিয়মের। বলে, 'রাতের ... ঘুম ভেঙে যায়। স্বপ্ন দেখি, ...টা হাঁসুয়া নিয়ে তাড়া করছে ... কণিকার কথা মনে পড়ে খুব। ... ছিল। একসঙ্গে একই স্কুলে ...তাম। ও আর নেই।' অবশ্য তার ...্য দুই বন্ধু হাসপাতালে চিকিৎসা ...য়ে বাড়ি ফিরেছে।

মরিয়মের মা শরি...া খাতুন ...লেন, মেয়েদের ওপর বখাটেদের ...হামলার ঘটনায় এলাকার অভিভাবকেরা এখন আতঙ্কিত। বখাটেদের দৃষ্টান্তমূলক শাস্তি হোক। এত কঠোর শাস্তি হোক, যেন আর কারও প্রাণ না যায়, স্বপ্ন যেন ভেঙে মায়ের স্বপ্ন পূরণ করবে।

আসকের জ্যেষ্ঠ উপপরিচালক নীনা গোস্বামী *প্রথম আলোকে* বলেন, 'মালেক নামের ছেলেটিকে আগেও ভ্রাম্যমাণ আদালত শাস্তি দিয়েছিল। ওই দিনই এলাকার লোকজন ছেলেটাকে ধরে পুলিশের হাতে দিল। কিন্তু অভিযোগপত্র দিল না পুলিশ। এখনো বিচার শুরু হলো না।'

বখাটের হামলায় নিহত কণিকা ঘোষের মা অঞ্জলি ঘোষ চাঁপাইনবাবগঞ্জ সদর থানায় মামলা করেন। আসামি মালেক কারাগারে।

মেডিকেল রিপোর্টের জন্য অভিযোগপত্র আটকে আছে বলে জানিয়েছেন চাঁপাইনবাবগঞ্জের পুলিশ সুপার মুজাহিদুল ইসলাম। তিনি *প্রথম আলোকে* বলেন, 'আমাদের সব কাজ শেষ। আজও (সোমবার) পুলিশ ব্যক্তিগতভাবে সিভিল সার্জনের সঙ্গে দেখা করে মেডিকেল রিপোর্ট চেয়েছে।'

মেডিকেল রিপোর্ট দিতে দেরি হওয়ার কারণ কী, জানতে চাইলে চাঁপাইনবাবগঞ্জ জেলার সিভিল সার্জন প্রধান মো. আবুল কালাম আজাদ *প্রথম আলোকে* বলেন, 'রিপোর্ট তো লেখা হয়ে গেছে। পুলিশের হাতে হয়তো পৌঁছেও গেছে বা যাবে।' মেডিকেল রিপোর্ট দিতে চার মাস সময় লাগল কেন জানতে চাইলে তিনি বলেন, 'এ বিষয়টা আমি সেভাবে

মরিয়ম আক্তার বিএসএমএমইউর অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান নকুল কুমার দত্তের অধীনে চিকিৎসাধীন ছিল। গতকাল সন্ধ্যায় নকুল কুমার দত্ত বলেন, 'মরিয়মের হাতে জটিল অস্ত্রোপচার হয়েছে। ও যখন প্রথম এসেছিল, তখন হাতের অবস্থা খারাপ ছিল। এখন কিছুটা ভালোর দিকে।'

অবশ্য মরিয়মের স্বজনেরা বলেন, হামলার ঘটনার পর সরকারের পক্ষ থেকে সে সময় চিকিৎসার ব্যয়ভার বহনের ঘোষণা দেওয়া হয়েছিল। কিন্তু রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পাঠানোর পর আর কোনো সহায়তা পাননি। এখন পর্যন্ত তাঁদের প্রায় ৭০ হাজার টাকা খরচ হয়ে গেছে। কিন্তু এখন আর কেউ খোঁজ নেয় না।

...জন্য এ ব্যবস্থা থাক... কর্মকর্তাই এ সুবি... মহাহিসাব নিরী... ার্যালয়ের এক অনুসন্ধান... অনিয়ম' ও 'ক্ষমতাবহির্ভূত'... য়েছে, দ্রুত এটি বন্ধ করে... ত টাকা দেওয়া হয়েছে, ... চারীদের কাছ থেকে আ... ১ সেপ্টেম্বর প্রতিবেদনটি উ... ংসদের সরকারি হিসাবসম্প... ক।

কমিটির বৈঠক সূত্রে জা... কের কর্মকর্তা-কর্মচারীর ... শি। বৈঠকে প্রতিবেদন ... মাসুদ আহমেদ বলেন, ... শ ব্যাংক এই ব্যবস্থা চাল...

